

## তথ্য কমিশনে ০২-০৭-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১০ টি অভিযোগের শুনানীশেষে ০৮ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০১টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০১টি অভিযোগ স্থগিত রাখা হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ, তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার জনাব সুরাইয়া বেগম এনডিসি।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের তথ্য ও ফটোগ্রাফী শাখার ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা, কিশোরগঞ্জ জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার, মৌলভীবাজার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, যশোর চৌগাছার সিংহঝুলি ইউনিয়ন পরিষদের সচিব (এক শত টাকা জরিমানা), যশোরের চৌগাছা উপজেলা সমাজসেবা অফিসার এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সহকারী সচিব, একটি বাড়ি ও একটি খামার প্রকল্পের প্রকল্প পরিচালক ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড গাইবান্ধার পলাশবাড়ির উপ-

পরিচালকের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর চট্টগ্রামের আগ্রাবাদ শাখার উপ-মহাপরিদর্শকের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়। ইসলামী ব্যাংক প্রধান কার্যালয়ের এসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্টের (হেড অব পাবলিক রিলেশন বিভাগ) বিরুদ্ধে আনিত অভিযোগ স্থগিত রাখা হয়।

স্বাক্ষরিত:-

০২.০৭.২০১৭

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-০২-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd